

আগুনে পুড়ছে সুন্দরবন

- A Monitor Desk Report

Date: 05 May, 2024



খুলনা: পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন বা লবণাক্ত বনাঞ্চল খ্যাত সুন্দরবনের (পূর্ব) গহীনে তীব্র দাবদাহের মধ্যে লাগা আগুন এখনও নেভেনি। এরইমধ্যে আগুন ছড়িয়ে পড়েছে ২কিলোমিটারের বেশি এলাকাজুড়ে। অগ্নিকাণ্ডের ১৫ ঘণ্টা পরও আগুন নেভাতে কাজ করেছে ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট। এছাড়া কোস্টগার্ড ও নৌবাহিনী সদস্যরাও আগুন নেভানোর আশ্রয় চেষ্টা চালাচ্ছেন।

খুলনা ফায়ার সার্ভিসের উপপরিচালক মামুন মাহমুদ জানান, আগুন লাগার খবর পেয়ে শনিবার (৪ মে) সন্ধ্যায় ফায়ার সার্ভিস এলেও কিছু কারণে আগুন নেভানোর কাজ শুরু করতে পারেনি। আজ ভোর (৫ মে) থেকে আগুন নেভাতে কাজ করেছে পাঁচটি ইউনিট।

শনিবার বিকেল সাড়ে তিনটার দিকে পূর্ব সুন্দরবনের চাঁদপাই রেঞ্জের আমুরবুনিয়া টহল ফাঁড়ি সংলগ্ন লতিফের ছিলা নামক এলাকায় এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। শুরুতে বন বিভাগ ও স্থানীয়রা আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করলেও পরে মোরেলগঞ্জ, শরণখোলা ও মোংলা ফায়ার সার্ভিসের পাঁচটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে ঘটনাস্থলে পৌঁছায়।

বর্তমানে ওই এলাকায় কালো ধোঁয়া দেখা যাচ্ছে। তবে আগুন নতুন এলাকায় ছড়িয়ে যাতে না পড়ে সে বিষয়ে খেয়াল রাখছে দমকল বাহিনী।

এদিকে বনরক্ষী ও স্থানীয়রা জানিয়েছেন, লতিফের ছিলা এলাকার অনেক জায়গা জুড়ে আগুন লেগেছে। বনের মাটিতে পড়ে থাকা বিভিন্ন গাছের পাতার স্তুপের মধ্যে আগুন জ্বলছে।

অন্যত ৫০টি জায়গায় আগুন জ্বলছে বলে দাবি তাদের।

আগুন নেভাতে যাওয়া সিপিজি সদস্য মণিময় মন্ডল বলেন, আগুন যাতে নতুন এলাকায় ছড়িয়ে না পড়ে সেজন্য গতকাল সন্ধ্যায় মধ্যে বন বিভাগ ও ফায়ার সার্ভিস কর্মীদের সঙ্গে আমরা শুকনো গাছ অপসারণ করেছি। বিভিন্ন স্থানে ছোট ডেন কেটে রেখেছি।

আগুনের পরিমাণ, ক্ষয়ক্ষতি ও আগুন লাগার কারণ সম্পর্কে জানতে চাঁদপাই রেঞ্জের সহকারী বন সংরক্ষক রানা দেবকে প্রধান করে ৩ সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যে কমিটিকে রিপোর্ট দিতে বলা হয়েছে।

-B